

গাজীপুরে হোমিওপ্যাথিক পরীক্ষার হলে নকলের মহোৎসব

গাজীপুর প্রতিদিন

গাজীপুরে একমাত্র হোমিওপ্যাথিক কলেজ কেন্দ্রে ডিএইচএমএস প্রথম ও তৃতীয় বর্ষের পরীক্ষায় নকলের মহোৎসব চলাচ্ছে।

সরকারি মিন পিয়ে দেখা গেছে, কেন্দ্রের ছোট ছোট বেড়ের প্রতিটিতে তিনজন করে পরীক্ষা দিচ্ছেন। পরীক্ষার্থীরা তাদের সহপাঠীদের উত্তরপত্র দেখানোর পরে পরীক্ষা দিচ্ছেন। এ ছাড়া উত্তরপত্রের নিচে নকলের কপি রেখেও তাদের পরীক্ষা নিতে দেখা গেছে। এ সময় কোনো কোনো পরীক্ষা-হল খালি রেখে কক্ষ পরিদর্শককে বাইরে দুরাচুরি করতে দেখা গেছে।

উক্ত নিয়ম ওইসব পরীক্ষায় কোনো মারজিমেটও কেন্দ্রে যাননি। নাম প্রকাশে অনিচ্ছুক এক পরীক্ষার্থী জানান, পরীক্ষার হলে এ সুবিধার নেয়ার জন্য প্রতি পরীক্ষার্থীর কাছে থেকে প্রবেশপত্র সুরবরাহের সময় কলেজ কর্তৃপক্ষ ৩০০ টাকা করে নিচ্ছে। কলেজের প্রশাসনিক কর্মকর্তা মো. আসাদুল্লাহ মানিক জানান, ফরম ফিলাপের সময় বকেয়া বেতন ছাড়াও অন্য ফি বাবন ১১২০ টাকা করে নেয়ার পরও কর্তৃপক্ষের নির্দেশে প্রতি শিক্ষার্থীর কাছে থেকে প্রবেশপত্র নেয়ার সময় ৩০০ টাকা নেয়া হয়েছে।

কলেজের অধ্যক্ষ ডা. মো. মোশারফ হোসেন জানান, প্রথম বর্ষে ১৮৯ জন ও তৃতীয় বর্ষে ৯৯ জন পরীক্ষা দিচ্ছেন। আগামী শনিবার দ্বিতীয় ১১৮ জন ও চতুর্থ বর্ষের ৭৮ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিচ্ছেন। টাকা নেয়ার কথা স্বীকার করলেও তিনি জানান, ওই টাকা দিয়ে পিকনিক করা হবে। কলেজের উপাধ্যক্ষ ডা. ফজলুল হক জানান, পিকনিক ও ব্যবহারিক পরীক্ষার ব্যয়বহুল শিক্ষকদের আপ্যায়ন খরচের জন্যই ওই টাকা নেয়া হয়েছে। তিনি বলেন, বোর্ডের অনুমতি নিয়েই প্রতি বেড তিনজন করে পরীক্ষার্থী বসানো হয়েছে।